দৈনিক
ইত্তেফাক

তারিখ ....16 JUN 2010.
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ .....

ঢাকায় নতুন ১৭ স্কুল কলেজের প্রকল্প একনেকে অনুমোদন

খরচ হবে ৪৩৫ কোটি টাকা

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর স্কুল ও কলেজে আসন সংকট নিরসনে ঢাকায় আরো ১১টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৬টি কলেজ প্রতিষ্ঠা করবে সরকার। ৪৩৫ কোটি টাকা ব্যয়ে শিক্ষা মন্ত্রণালয় প্রকল্পটি বাস্তবায়ন করবে। চলতি বছর শুরু হয়ে ২০১৩ সালে এই প্রকল্পের কাজ শেষ হবে।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় মঙ্গলবার এই প্রকল্প অনুমোদন দেয়া হয়। সভায় প্রায় এক হাজার ১৮৯ কোটি টাকার ব্যয় সম্বলিত চারটি উন্নয়ন প্রকল্প অনুমোদন দেয়া হয়। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল থেকে ব্যয় হবে ৮৩৪ কোটি টাকা এবং উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর কাছ থেকে প্রকল্প সহায়তা আসবে ৩৫৫ কোটি টাকা। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন ০৩ এরপর পৃষ্ঠা ২, কলাম ১

প্রথম পৃষ্ঠার পর

ঢাকায় নতুন

শেখ হাসিনার সভাপতিত্বে শেরে বাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভাশেষে পরিকল্পনা মন্ত্রী এয়ার ভাইস মার্শাল (অব) এ কে খন্দকার সাংবাদিকদের জানান, বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে প্রাথমিক বিদ্যালয় যুক্ত করতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। সরকারি তহবিল থেকে এ প্রকল্পের অর্থ যোগান দেয়া হবে। এ প্রকল্পের কাজ বাস্তবায়ন করবে শিক্ষা মন্ত্রণালয়।

সাংবাদিকদের ব্রিফিংকালে জানান হয়, মিরপুরের পল্লবী, শ্যামলীর রিং রোড, রাজারবাগ-সবুজবাগ, উত্তরার দক্ষিণ খানের হাজী ক্যাম্প এলাকায় ১টি করে স্কুল ও কলেজ নির্মাণ করা হবে। এছাড়া পুরনো ঢাকার কোতয়ালির ওয়াইজঘাট, মুগদাপাড়া-বিশ্বরোড, বিলক্ষেত, কাটাবন এলাকাসহ কয়েকটি স্থানে এসব প্রতিষ্ঠান নির্মাণ করা হবে।

প্রকল্পের বিবরণীতে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ভর্তির চাপ কমানো এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং ছাত্র-ছাত্রীদের জন্য অবকাঠামোগত সুযোগ-সুবিধা বৃদ্ধিসহ শিক্ষা উপকরণ সরবরাহ করা প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

এছাড়া একনেক সভায় ২শ' ৫৩ কোটি টাকা ব্যয়ে ভাটিয়ারীতে বিএমএ বঙ্গবন্ধু কমপ্লেক্স নির্মাণ প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদন পাওয়া অন্যান্য প্রকল্পগুলো হচ্ছে- ৪৩৬ কোটি টাকা ব্যয়ে যোগাযোগ মন্ত্রণালয়ের জরুরি দুর্যোগ ক্ষতিগ্রস্ত পুনর্বাসন প্রকল্প ২০০৭ (সংশোধিত), ৬৫ কোটি টাকা ব্যয়ে সুনামগঞ্জের সুরমা নদীর উপর সেতু নির্মাণ (সংশোধিত) প্রকল্প। সভায় অর্থমন্ত্রী ও একনেকের বিকল্প চেয়ারম্যান আবুল মাল আবদুল মুহিত, কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, শিল্পমন্ত্রী নুরুল ইসলাম নাহিদসহ মন্ত্রী, উপদেষ্টা এবং সচিবরা অংশগ্রহণ করেন।